

বিভিন্ন রোগের ঔষধ

পারিবারিক চিকিৎসা

বায়োকেমিক

বায়োকেমিক মেডিসিন

ডাঃ সুয়েসনার (Dr. Schuessler)-এর মতে মানুষের দৈহিক গঠনে ১২টি ধাতব লবণ (inorganic salt) অত্যন্ত প্রয়োজনীয়। এই লবণগুলির এক একটির ক্রিয়া মানবদেহে এক এক প্রকারের। দেহে এগুলির অভাব ঘটলে নানাপ্রকার শারীরিক গোলযোগ দেখা দেয়। বিভিন্ন রোগের ক্ষেত্রে এই ধাতব লবণগুলি ওষুধ হিসাবে গ্রহণ করলে দেহ রোগমুক্ত হয়। এই ওষুধগুলি সাধারণতঃ ট্রাইচুরিশান (চূর্ণীকৃত + শক্তিকৃত) অবস্থায় ব্যবহৃত হয়— পাউডার অথবা ট্যাবলেট রূপে। শক্তির মাত্রা— 3x, 6x, 12x ইত্যাদি।

ট্যাবলেটগুলি সাধারণতঃ ৩/৪টি করে দিনে ৩/৪ বার খেতে হয়।
গরম জলে গুলে খেলে এর ক্রিয়া ভালভাবে হয়। সম্ভব না হলে
চিবিয়ে খেয়ে নেওয়া যায়।

আবার এই ১২টি ওষুধই হোমিওপ্যাথি পদ্ধতিতে শক্তিকৃত
করে হোমিওপ্যাথি মতে (সদৃশ বিধান) রোগীর দেহে প্রয়োগ করা
হয়। সেক্ষেত্রে শক্তির মাত্রা—৩/৬/৩০/২০০/১০০০/১০,০০০/
১০০,০০০ এই রকম।

আমরা এই মহা মূল্যবান ১২টি ওষুধের ক্রিয়া আলোচনা করব।

ক্যালকেরিয়া ফ্লোর (Calcaria fluorica)

পরিচয়— ক্যালসিয়াম ফ্লোরাইড। ফ্লোরস্পার। CaF_2

প্রয়োগ ক্ষেত্র— ছানি, লাঙ্গাগো (কোমরে ব্যথা), মচকা
ব্যথা, স্তনে গুটি, দাঁত উঠতে দেরি হওয়া, দাঁতের ক্ষয় ও প্রদাহ,
চামড়া ফাটা, সহজেই রক্তপাত, বংশগত সিফিলিস, এ্যাডিনয়েডস।

ক্যালকেরিয়া ফস (Calcareo phosphoricum)

পরিচয়— ক্যালসিয়াম ফসফেট, ফসফেট অফ লাইম।
 $Ca_3(PO_4)_2$

প্রয়োগ ক্ষেত্র— স্নায়ুর দুর্বলতা, মৃগী, অস্ত্রের প্রদাহ, পরিপোষণ বা মেটাবলিজমের ত্রুটি, দাঁত উঠতে বিলম্ব, ক্ষয়রোগ, পায়খানার সঙ্গে অভুক্ত দ্রব্য, পেটে বায়ু। ডায়াবেটিস রোগীদের অস্থিভঙ্গ, মস্তিষ্কের অবসাদ, ব্রাইটস ডিজিজ, রসযুক্ত চর্মরোগ।


ক্যালকেরিয়া সালফ (Calcarea Sulphuricum)

পরিচয়— ক্যালসিয়াম সালফেট। জিপসাম। প্লাস্টার অফ প্যারিস। $\text{CaSO}_4 \cdot \text{H}_2\text{O}$

প্রয়োগ ক্ষেত্র— ফোঁড়া, কার্বাঙ্কাল, পূঁজযুক্ত ব্রণ, পোড়া ঘা, চুলকানি, ফিশ্চুলা, গ্রন্থিস্থীতি, স্নায়বিক দুর্বলতা, জনন ইন্ড্রিয়ের দুর্বলতা, পরিবর্তনশীল মানসিকতা, পায়ের তালুতে জ্বলন এবং চুলকানো, অ্যালোপ্যাথিক ওষুধ খাওয়ার পরে শারীরিক দুর্বলতা।

ফেরাম ফস (Ferrum Phosphoricum)

পরিচয়— ফেরোসো ফেরিক ফসফেট। ফসফেট অফ আয়রন।



প্রয়োগ ক্ষেত্র— অ্যানিমিয়া, রক্তপাতের ফলে রক্তাল্পতা, নাড়ীর গতি দ্রুত, মাথার যন্ত্রণা, জিভের প্রদাহ, জিভ লেপাকৃত অথবা রক্তাভ, অক্ষুধা, দেহের ওজন এবং শক্তি হ্রাস পাওয়া, শিশুদের মানসিক ও দৈহিক বল হ্রাস, শীর্ণতা, ক্ষুধামান্দ্য।

ক্যালি মিউর (Kali Muriaticum)

পরিচয়— পটাসিয়াম ক্লোরাইড। KCL

প্রয়োগ ক্ষেত্র— হাটের দুর্বলতা, বুক ধড়ফড় করা, হৃদপিণ্ড বৃদ্ধি পাওয়া, পেরিকার্ডাইটিস, থ্রম্বসিস (এমবলিজম), গ্রন্থি বৃদ্ধি; ফুসফুস প্রদাহ, নিউমোনিয়া, পিত্ত নিঃসরণ কম হওয়ার ফলে অজীর্ণ, অক্ষুধা, গতক্ষত, লিভারের দুর্বলতা।

ক্যালি ফস (Kali phosphoricum)

পরিচয়— পটাসিয়াম ফসফেট। K_2HPO_4

প্রয়োগ ক্ষেত্র— মানসিক দুর্বলতা, মানসিক বিপর্যয়, মানসিক অবসাদ, মানসিক কারণে মাথার যন্ত্রণা, মস্তিষ্কের দুর্বলতা ও অবসাদ, পেটে বায়ু এবং সে কারণে হৃৎপিণ্ডের অপক্রিয়া, দুর্গন্ধযুক্ত

পায়খানা, উঠে দাঁড়ালে মাথা ঘোরা, সেরিব্রাল অ্যানিমিয়া, জননাস্পের দুর্বলতা।

ম্যাগ ফস (Magnesia phosphoricum)

পরিচয়— ম্যাগনেসিয়াম ফসফেট। $MgHPO_4, 7H_2O$
প্রয়োগ ক্ষেত্র—বিভিন্ন প্রকারের ব্যথা ও যন্ত্রণা, মাথা যন্ত্রণা, পেটে ব্যথা, স্নায়ুশূল, স্প্যাজমোডিক পেন, স্মৃতিশক্তিহীনতা চিন্তাশক্তির দুর্বলতা, স্নায়বিক দুর্বলতা, দাঁড়ানো অবস্থায় এবং চলতে চলতে মলমূত্র ত্যাগের ইচ্ছা। এই ওষুধ স্নায়ুকোষে পুষ্টি জোগায়।

ন্যাট্রাম মিউর (Natrum Muriaticum)

পরিচয়— সোডিয়াম ক্লোরাইড। সাধারণ লবণ। $NaCl$
প্রয়োগ ক্ষেত্র— নুন বেশী খাওয়ার প্রবণতা কোষ্ঠকাঠিন্য, মাথা যন্ত্রণা (হাঁপানি সহ), সর্দি কাশির প্রবণতা, হাঁচি, নাক দিয়ে কাঁচা জল পড়া, হিস্টিরিয়া, সংজ্ঞালোপ, টাইফয়েড, জ্বরে প্রলাপ

বকা, পেটে শূল বেদনা, লিভারের গোলযোগ, বোধ শক্তির অভাব, ক্রিমি, মস্তিষ্কের দুর্বলতা।

ন্যাট্রাম ফস (Natrium phosphoricum)

পরিচয়— সোডিয়াম ফসফেট, Na_2PO_4

প্রয়োগ ক্ষেত্র— অল্পরোগ, পাকস্থলী এবং অন্ত্রের গোলযোগ, শিশুদের অতিরিক্ত দুধ খাওয়ানোর ফলে ল্যাকটিক অ্যাসিড বৃদ্ধি পাওয়া, গণোরিয়া জিভে হালকা প্রলেপ, বুকের বাঁদিকে ব্যথা (নিপল-এর নীচে), ডান কাঁধে বাত জনিত ব্যথা, স্বপ্ন দোষ ব্যতিত ধাতুক্ষয়, অপথ্যালমিয়া, কান থেকে রস পড়া।

ন্যাট্রাম সালফ (Natrium Sulphuricum)

পরিচয়— সোডিয়াম সালফেট। গ্লবারস সল্ট। $\text{Na}_2\text{SO}_4 \cdot 10\text{H}_2\text{O}$

প্রয়োগ ক্ষেত্র— গ্যাসট্রাইটিস, পেটে বায়ু, পেটে ব্যথা, লিভারের গোলমাল, নখের গোড়ায় প্রদাহ এবং পুঁজ, অবসাদ, তন্দ্রালুতা, আঁচিল— চোখের চারপাশে, মাথায়, মুখে, বুকে ও মলদ্বারে, নেফ্রাইটিস, মেরুদণ্ডে ব্যথা, ঘাড়ে ব্যথা, সেক্রামে ব্যথা।

সাইলিসিয়া (Silicea)

পরিচয়— সিলিকা। সিলিসিক অক্সাইড। SiO_2

প্রয়োগ ক্ষেত্র—রিকেট, বাতরোগ, প্রস্টেট গ্ল্যান্ডের বৃদ্ধি, মধ্য কর্ণের প্রদাহ, দেহের কোথাও পুঁজ, গোটোবাত, কোষ্ঠকাঠিন্য, অন্ন, অজীর্ণ, পুরানো কাশি।

বায়ো প্লাসজেন (Bioplasgen) বা

বায়ো-কম্বিনেশন ট্যাবলেট

বর্তমানে বিভিন্ন রোগের ক্ষেত্রে কার্যকর নানাপ্রকারের বায়ো-কম্বিনেশন ট্যাবলেট পাওয়া যায়। এগুলির সম্পর্কে আমরা কিছুটা বিস্তারিত আলোচনা করব। এগুলি খাওয়ার সাধারণ নিয়ম হল— ৩/৪টি করে ট্যাবলেট দিনে ৩/৪ বার খেতে হবে। ঈষদুষ্ণ জলে গুলে খেলে ভাল হয়।

১ নং বায়ো-কম্বিনেশন (অ্যানিমিয়ার জন্য)

ক্যালকেরিয়া ফস 3x (Calcarea Phosphoricum),
ফেরাম ফস 3x (Ferrum Phosphoricum), ক্যালি মিউর
3x (Kali Muriaticum), এবং নেট্রাম মিউর 3x (Natrum
Muriaticum)।

প্রয়োগ ক্ষেত্র— রক্তাল্পতা, হজমের গোলমাল, দৈহিক শীর্ণতা
ও দুর্বলতা, স্নায়বিক ও মানসিক দুর্বলতা।

২ নং বায়ো-কম্বিনেশন (হাঁপানীর জন্য)

ক্যালি ফস 3x (Kali Phosphoricum), ম্যাগ ফস 3x
(Magnesia Phosphoricum), ন্যাট্রাম মিউর 6x
(Natrum Muriaticum), এবং ন্যাট্রাম সালফ 6x
(Natrum Phosphoricum)।

প্রয়োগ ক্ষেত্র— সর্দি, কাশি, ব্রঙ্কাইটিস, ব্রঙ্কিয়াল অ্যাজমা,
সিঁড়ি ভাঙ্গলে শ্বাসকষ্ট, শুকনো কাশি, ছপিং কাশি।

৩ নং বায়ো-কম্বিনেশন (কলিক পেনের জন্য)

ম্যাগ ফস 3x (Magnesia Phosphoricum),
ক্যালকেরিয়া ফস 3x (Calcaria Phosphoricum), ন্যাট্রাম
ফস 3x (Natrum Phosphoricum), ফেরাম ফস 3x
(Ferrum Phosphoricum)।

প্রয়োগ ক্ষেত্র— পেটের গোলমালের জন্য, কলিক পেন,
পেটে বায়ু অথবা কোষ্ঠকাঠিন্যের জন্য, পেটব্যথা, শিশুদের বিভিন্ন
প্রকারের কলিক পেন।

৪ নং বায়ো-কম্বিনেশন (কোষ্ঠকাঠিন্যের জন্য)

ক্যালকেরিয়া ফ্লোর 3x (Calcaria Fluorica), ক্যালি
মিউর 6x (Kali Muriaticum), ন্যাট্রাম মিউর 3x
(Natrum Muriaticum), এবং সাইসিলিয়া 3x (Silicea)।

প্রয়োগ ক্ষেত্র— মল শুকনো এবং শক্ত, তৎসহ মাথার
যন্ত্রণা, মুখে দুর্গন্ধ, জিভে প্রলেপ।

৫ নং বায়ো-কম্বিনেশন (সর্দির জন্য)

ফেরাম ফস 3x (Ferrum Phosphoricum), ক্যালি মিউর 3x (Kali Muriaticum), ন্যাট্রাম মিউর 6x (Natrum Muriaticum), ক্যালিসালফ 3x (Kali Sulphuricum),
প্রয়োগ ক্ষেত্র— কাঁচা সর্দি, নাক দিয়ে জল পড়া, হাঁচি, সর্দি জ্বর মাথা যন্ত্রণা।

৬ নং বায়ো-কম্বিনেশন (সর্দি ও কাশির জন্য)

ফেরাম ফস 3x (Ferrum Phosphoricum), ক্যালি মিউর 3x (Kali Muriaticum), ম্যাগ ফস 6x (Mag Phos), ন্যাট্রাম মিউর 6x (Natrum Muriaticum), ক্যালি সালফ 3x (Kali Sulphuricum)।

প্রয়োগ ক্ষেত্র— সর্দি কাশির প্রথম অবস্থা, মাথা যন্ত্রণা সর্দিজ্বর।

৭ নং বায়ো-কম্বিনেশন (ডায়াবেটিসের জন্য)

ম্যাগ ফস 3x (Mag Phos), ক্যালকেরিয়া ফস 3x (Calcerea Phos), ফেরাম ফস 3x (Ferrum Phos), ক্যালি ফস 3x (Kali Phosphoricum), ন্যাট্রাম ফস 3x (Natrum Phos), ন্যাট্রাম সালফ 3x (Natrum Sulph)।

প্রয়োগ ক্ষেত্র—ডায়াবেটিস-এর বিভিন্ন উপসর্গ, কিডনী ও লিভারের গোলযোগ।

৮ নং বায়ো-কম্বিনেশন (ডায়ারিয়ার জন্য)

ক্যালকেরিয়া ফস 3x (Calcarea Phos), ফেরাম ফস (Ferrum Phos) 3x, ক্যালি ফস 3x (Kali Phos), ক্যালি সালফ 3x (Kali Sulph), ন্যাট্রাম সালফ 3x (Natrum Sulph)।

প্রয়োগ ক্ষেত্র—শিশুদের দাঁত ওঠার সময় ডায়ারিয়া, পাতলা জলের মত দাস্ত, সবুজাভ, দুর্গন্ধময় দাস্ত, অসাড়ে মলত্যাগ।

৯ নং বায়ো-কম্বিনেশন (আমাশয়ের জন্য)

ফেরাম ফস 3x (Ferrum Phos), ক্যালি মিউর 3x (Kali Muraticum), ক্যালি ফস 3x (Kali Phos), ম্যাগ ফস 3x (Mag Phos)

প্রয়োগ ক্ষেত্র— আমাশয়, (আম এবং রক্ত সহ) ব্যথা থাকতেও পারে।

১০ নং বায়ো-কম্বিনেশন (টনসিলের প্রদাহ)

ক্যালকেরিয়া ফস 3x (Calcaria Phos), ফেরাম ফস 3x (Ferrum Phos), ক্যালি মিউর 3x (Kali Muriaticum)।

প্রয়োগ ক্ষেত্র— টনসিলের প্রদাহ, ফলিকিউলার টনসিলাইটিস, জিভ ও টনসিলে সাদা দাগ, নিশ্বাসে দুর্গন্ধ, ক্ষুধা কমে যাওয়া।

১১ নং বায়ো-কম্বিনেশন (জ্বর)

ফেরাম ফস 3x (Ferrum Phos), ক্যালি মিউর 3x (Kali Mur), ক্যালি সালফ 3x (Kali Sulph), ন্যাট্রাম

মিউর 6x (Nertrum Mur), এবং ন্যাট্রাম সালফ 3x (Nertrum Sulph)।

প্রয়োগ ক্ষেত্র—বিভিন্ন প্রকারের জ্বর ও প্রদাহজনক অবস্থা।

১২ নং বায়ো-কম্বিনেশন (মাথা যন্ত্রণা)

ফেরাম ফস 3x (Ferrum Phos), ক্যালি সালফ 3x (Kali Sulph), ম্যাগ ফস 3x (Mag Phos), এবং ন্যাট্রাম মিউর 6x (Nertrum Muriaticum)।

প্রয়োগ ক্ষেত্র—রোদ লেগে মাথা যন্ত্রণা, অতি পরিশ্রমের ফলে মাথা যন্ত্রণা, পডুয়াদের মাথা যন্ত্রণা, স্নায়বিক কারণে মাথা যন্ত্রণা, মাথা ঘোরা, ঘুম ঘুম ভাব, লিভারের শিথিলতা (sluggish liver)।

১৩ নং বায়ো-কম্বিনেশন (লিউকোরিয়া)

ক্যালি মিউর 6x (Kali Muraticum), ফেরাম ফস 3x (Ferrum Phosphoricum), ক্যালকেরিয়া ফস 3x (Calcaria Phos), ক্যালি ফস 3x (Kali Phos), ক্যালি

সালফ 3x (Kali Sulph), ন্যাট্রাম মিউর 6x (Nerum Muriaticum)।

প্রয়োগ ক্ষেত্র—শ্বেতপ্রদর, ডিমের সাদা অংশের মত সাদা স্রাব, দুর্গন্ধময়, জলের মত পাতলা।

১৪ নং বায়ো-কম্বিনেশন (হাম)

ফেরাম ফস 3x (Ferum Phosphoricum), ক্যালি মিউর 3x (Kali Mur), ক্যালি সালফ 3x (Kali Sulph)।

প্রয়োগ ক্ষেত্র—হাঁচি, নাক দিয়ে কাঁচা জল পড়া, দপদপানি, মাথাব্যস্ততা, সর্দি, কাশি, জ্বর।

১৫ নং বায়ো-কম্বিনেশন (মাসিকের গোলমাল)

ক্যালকেরিয়া ফস 3x (Calcaria Phos), ফেরাম ফস 3x (Ferum Phos), ক্যালি ফস 3x (Kali Phos), ক্যালি সালফ 3x (Kali Sulph), ম্যাগ ফস 3x (Mag Phos)।

প্রয়োগ ক্ষেত্র—অনিয়মিত ঋতুস্রাব, অল্প বয়সীদের কম স্রাব, বেশী বয়স্কাদের খুব বেশী স্রাব।

১৬ নং বায়ো-কম্বিনেশন (স্নায়বিক দুর্বলতা)

ক্যালকেরিয়া ফস 3x (Calcaria Phos), ফেরাম ফস 3x (Ferrum Phos), ক্যালি ফস 3x (Kali Phos), ম্যাগ ফস 3x (Mag Phos), ন্যাট্রাম মিউর 6x (Natrum Mur)

প্রয়োগ ক্ষেত্র—অবসাদ, মানসিক দুর্বলতা, ভীত-সম্ভ্রান্ত, খিটখিটে স্বভাব, হিস্টিরিয়া, স্মৃতিশক্তির অভাব, নিদ্রাহীনতা, বিভিন্ন স্নায়ুরোগ।

১৭ নং বায়ো-কম্বিনেশন (অর্শ)

ক্যালকেরিয়া ফ্লোর 3x (Calcaria Fluor), ফেরাম ফস 3x (Ferrum Phos), ক্যালি মিউর 3x (Kali Muriaticum), ক্যালি ফস 3x (Kali Phos)।

প্রয়োগ ক্ষেত্র—রক্তস্রাবী অর্শ ও সমস্ত প্রকারের অর্শ, পিঠে ব্যথা, ফিশার।

১৮ নং বায়ো-কম্বিনেশন (পায়োরিয়া)

ক্যালকেরিয়া ফ্লোর 3x (Calceria Fluor), ক্যালকেরিয়া সালফ 3x (Calceria Sulph), সাইলিসিয়া 6x (Sailisia)।
প্রয়োগ ক্ষেত্র—দাঁতের গোড়া আলগা, দাঁতে যন্ত্রণা রক্তপাত, দাঁতের গোড়ায় ফোঁড়া, পুঁজ, শ্বাসে দুর্গন্ধ, দন্তক্ষয়।

১৯ নং বায়ো-কম্বিনেশন (বাতরোগ)

ক্যালি সালফ 3x (Kali Sulph), ম্যাগ ফস 3x (Mag Phos), ন্যাট্রাম ফস 3x (Natrum Phos)।
প্রয়োগ ক্ষেত্র—সন্ধিবাত, পেশীবাত, প্রদাহ, জ্বরভাব; ঘাড়ে, কাঁধে, কোমরে ব্যথা, সায়টিকা।

২০ নং বায়ো-কম্বিনেশন (চর্মরোগ)

ক্যালকেরিয়া ফ্লোর (Calcaria Fluor), ক্যালকেরিয়া সালফ (Calcaria Sulph), ক্যালি সালফ (Kali Sulph), ন্যাট্রাম মিউর (Natrum Mür), ন্যাট্রাম সালফ (Natrum Sulph)।

প্রয়োগ ক্ষেত্র—মাথায় উদ্বেদ, শিশুদের মুখে একজিমা, একনি, হারপিস, এরিসিপেলাস, মামড়ি, চুলকানি।

২১ নং বায়ো-কম্বিনেশন (দাঁতের রোগ)

ক্যালকেরিয়া ফস (Calcaria Phos), ফেরাম ফস (Ferum Phos)।

প্রয়োগ ক্ষেত্র—দন্তক্ষয় রোধ করে। বিশেষতঃ শিশুদের দাঁত ওঠার সময় কাঁদে, রেগে যায়, দুস্থমি করে, ক্ষুধা থাকে না।

২২ নং বায়ো-কম্বিনেশন (গণ্ডমালা)

ক্যালকেরিয়া ফস (Calcaria Phos), ফেরাম ফস (Ferrum Phos), ক্যালি মিউর (Kali Mur), সাইলিসিয়া (Silicia)।

প্রয়োগ ক্ষেত্র—শুদ্ধ অথবা পূঁজযুক্ত গ্রন্থি স্ফীতি।

২৩ নং বায়ো-কম্বিনেশন (দস্তশূল)

ফেরাম ফস 3x (Ferrum Phos), ম্যাগ ফস 3x (Mag Phos), ক্যালকেরিয়া ফ্লোর 3x (Calcaria Fluor)।

প্রয়োগ ক্ষেত্র—স্নায়বিক দস্তশূল, বাতজনিত দস্তশূল, বাড়ন্ত ছেলেমেয়েদের রক্তাল্পতা, গর্ভবতী মহিলাদের দুর্বলতা, সাধারণ দুর্বলতা।

২৪ নং বায়ো-কম্বিনেশন (ফাইভ ফস —
মস্তিষ্ক ও স্নায়ু)

প্রয়োগ ক্ষেত্র—শরীরের দুর্বলতা নাশ করে, মস্তিষ্ক ও স্নায়ুর শক্তি বৃদ্ধি করে।

২৫ নং বায়ো-কম্বিনেশন (অল্প)

ন্যাট্রাম ফস 3x (Natrum Phos), ন্যাট্রাম সালফ 3x (Natrum Sulph), সাইলিসিয়া 3x (Silicia)।

প্রয়োগ ক্ষেত্র— অল্প, বায়ু সঞ্চয়, বদহজম।

২৬ নং বায়ো-কম্বিনেশন (প্রসব)

ক্যালকেরিয়া ফ্লোর 6x (Calcaria Fluor), ফেরাম ফস 3x (Ferrum Phos), ক্যালি ফস 3x (Kali Phos), ম্যাগ ফস 3x (Mag Phos)।

প্রয়োগ ক্ষেত্র—প্রসবের কিছুদিন আগে থেকে খেলে প্রসবের কষ্ট কমে।

২৭ নং বায়ো-কম্বিনেশন (জীবনীশক্তি)

ক্যালকেরিয়া ফস 3x (Calcaria Phos), ক্যালি ফস 3x (Kali Phos), ন্যাট্রাম ফস 3x (Netrum Phos), ন্যাট্রাম মিউর 6x (Netrum Mur), ফেরাম ফস 3x (Ferrum Phos)।

প্রয়োগ ক্ষেত্র—জীবনীশক্তি ও যৌবনশক্তি বৃদ্ধি করে।

২৮ নং বায়ো-কম্বিনেশন (বলকারক)

এটি সবগুলি অর্থাৎ ১২টি বায়োকেমিক ওষুধের সমন্বয়ে গঠিত। দৈহিক বল এবং রোগ প্রতিরোধের শক্তি বৃদ্ধি করে।

Subscribe: <https://youtube.com/shifakhana>

Official Website: <https://Shifakhana.com>

Facebook page: <https://fb.com/shifakhana>

Instagram: <https://instagram.com/shifakhana1>

com/shifakhana1

Twitter: <https://twitter.com/shifakhana2>

বাংলা হোমওডি বায়োকেমিকি বই ডাউনলোড

লঙ্কিঃ <https://shifakhana.com/books>

Address: [https://goo.](https://goo.gl/maps/J7mSkXdUKFH2)

gl/maps/J7mSkXdUKFH2